

এক শিক্ষার্থী গ্রেফতার শেখকবির শিক্ষক সমিতির নতুন আলটিমেটাম

শেখকবি প্রতিনিধি

আলমগীর সারোয়ার মামুনের ওপর হুমলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির মাঝে পতকালও শেরে বাংলা কবি বিশ্ববিদ্যালয়ে ক্লাস ও পরীক্ষা স্থগিত ছিল। তবে বিশেষ বিবেচনায় প্রথম বর্ষের শিক্ষার্থীদের ক্লাস করতে দেয়া হয়েছে।

এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে সাইফুজ্জামান শাহরিয়ার নামে লেভেল-২, সেমিস্টার-২ এর এক শিক্ষার্থীকে দুপুরে ডিবি পুলিশ গ্রেফতার করে। মামুনের পরিবার শনিবার তেজগাঁও থানায় ১০ জনকে আসামি করে একটি মামলা করেছিলেন।

এদিকে বিকাল ৫টায় তদন্ত কমিটির রিপোর্ট জমা দেয়ার বিষয় সময় থাকলেও

শেখকবির শিক্ষক সমিতির (প্রথম পৃষ্ঠার পর)

তদন্ত কমিটি রিপোর্ট জমা দেয়নি। এ ব্যাপারে তদন্ত কমিটির প্রধান প্রফেসর মোহাম্মদ হোসেন ভূঞা যায়যায়দিনকে জানান, দুই দিনের মধ্যে তদন্ত শেষ করা সম্ভব নয়। তাই সূত্র তদন্তের স্বার্থে সময় বাড়তে হয়েছে। আলমগীর সারোয়ার মামুনের অবস্থার অবনতি হচ্ছে বলে কর্তব্যরত ডাক্তাররা জানিয়েছেন।

সোমবার শিক্ষক সমিতির মিটিংয়ে মামুন, সাংবাদিক রফিকুল ইসলাম ও ফেব্রুয়ারি সংগঠন বাধনের কর্মীদের ওপর সত্য়াসী হুমলার বিচার দ্রুত বাস্তবায়নের দাবি জানানো হয়। আগামীকালের মধ্যে শেখকবির জটির অনিয়ম সংক্রান্ত তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ ও বাস্তবায়ন না হলে আগামী ২১ জানুয়ারি শিক্ষকরা অতিরিক্ত দায়িত্ব থেকে গণপদত্যাগ ও মানববন্ধন কর্মসূচি পালন করবেন বলে ঘোষণা দিয়েছেন।